গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নং- ৫১.০০.০০০০.২১১.১৮.১১৯.১৯.৬১ তারিখঃ ০১-০৪-২০২৪ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত শূন্য পদসমূহে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে অনলাইনে (http://modmr.teletalk.com.bd) ওয়েবসাইটে আগামী ৩০-০৪-২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রঃ নং	পদের নাম ও জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতনস্কেল	বয়স	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	সাধারণ জেলা কোটায় যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১	২	৩	৪	৫	৬
১.	কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) ১১,০০০-২৬,৫৯০/-	অনূর্ধ্ব ৩০ বছর	০৪ (চার) টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী; এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।	ঢাকা, গাজীপুর, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, রাজবাড়ী, শরীয়তপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, কুমিল্লা, নোয়াখালী, রাঙ্গামাটি, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, নওগাঁ, বগুড়া, রংপুর, দিনাজপুর, কুড়িগ্রাম, নীলফামারী, পঞ্চগর, ঠাকুরগাঁও, মাগুরা, নড়াইল, মেহেরপুর, বরিশাল, ভোলা, ঝালকাঠি, পটুয়াখালী, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ (এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।)
২.	সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) ১১,০০০-২৬,৫৯০/-	অনূর্ধ্ব ৩০ বছর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য	০৪ (চার) টি	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী; (খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত। উল্লেখ্য, প্রার্থীদের ব্যবহারিক টাইপ পরীক্ষা কম্পিউটারে গ্রহণ করা হবে; (গ) বাংলা ও ইংরেজী সাঁটলিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ৪৫ শব্দ ও ৭০ শব্দ; (ঘ) বাংলা ও ইংরেজী টাইপে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ২৫ শব্দ ও ৩০ শব্দ।	
৩.	অফিস সহায়ক (গ্রেড-২০) ৮,২৫০-২০,০১০/-	অনূর্ধ্ব ৩০ বছর	১২ (বার) টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	ঢাকা, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, রাজবাড়ী, টাংগাইল, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, লক্ষীপুর, রাঙ্গামাটি, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, গাইবান্ধা, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, খুলনা, যশোর, ঝিনাইদহ, নড়াইল, বাগেরহাট, চুয়াডাঙ্গা, মেহেরপুর, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ (এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।)

২। **আবেদন ফরম পুরন এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবেঃ**

ক. ৩১/০৩/২০২৪ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৩ নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate-এর ঘরে টিক চিহ্ন (✓) দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

গ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন/সংযোজন হলে তা অনুসরণ করা হবে।

ঘ. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ঙ. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষন করেন।

চ. সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও কম্পিউটার অপারেটর পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

ছ. অনলাইন ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

জ. নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩। আবেদন পূরণ সংক্রান্ত শর্তাবলী:

ক. প্রার্থীগণকে http://modmr.teletalk.com.bd ওয়েবসাইটে উল্লিখিত লিংকের মাধ্যমে অন-লাইনে আবেদন করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

১) Online -এ আবেদনপত্র দাখিলের ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৩-০৪-২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকা।
২) Online -এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ৩০-০৪-২০২৪ বিকাল ৫.০০ ঘটিকা।

খ. Online আবেদনপত্রে প্রার্থীর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবি সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদন Submit করার পূর্বেই এন্ট্রিকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবে।

ঘ. প্রার্থী Online-এ আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় ০১ (এক) কপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণ ও পরীক্ষার ফি নিম্নবর্ণিত পদ্ধতিতে সম্পন্ন করতে হবেঃ Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে সঠিকভাবে দাখিলকৃত আবেদনপত্রের ক্ষেত্রে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুল আবেদনপত্র Submit সম্পন্নকারী প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে উল্লিখিত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নবর্ণিত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১৩ থেকে ১৬তম গ্রেডের পদের জন্য ২০০/- টাকা, টেলিটকের সার্ভিস ফি বাবদ টেলিটক-কে ২৩/- টাকা মোট ২২৩/- টাকা এবং ১৭ থেকে ২০তম গ্রেডের পদের জন্য ১০০/- টাকা, টেলিটকের সার্ভিস ফি বাবদ টেলিটক-কে ১২/- টাকা মোট ১১২/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। উল্লেখ্য "Online-এ আবেদনপত্রে সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফিসহ সার্ভিস চার্জ জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র গৃহিত হবে না"।

নিম্নবর্ণিত পদ্ধতিতে এসএমএস (SMS) করতে হবে:

প্রথম SMS: MODMR<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

দ্বিতীয় SMS: MODMR<space>Yes<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://modmr.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীগণকে) যথাসময়ে জানানো হবে। আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থীর এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে পরবর্তী ধাপসমূহের পরীক্ষা গ্রহণকালে প্রদর্শন করতে হবে।

ঞ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেনঃ

(১) User ID জানা থাকলে MODMR<space>Help<space>User<space>User Id লিখে 16222 নম্বরে send করতে হবে।

উদাহরণঃ MODMR Help User ABCDEF & send to 16222 (ABCDEF এর স্থনে user ID নং বসাতে হবে)।

(২) PIN Number জানা থাকলে MODMR<space> Help<space> PIN <space> Number নং বসিয়ে 16222 নম্বরে send করতে হবে।

Example: MODMR Help PIN 12345678 & send to 16222. (12345678 এর স্থলে PIN Number বসাতে হবে)।

ঝ. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বিভিন্ন গ্রেডভুক্ত কর্মচারী নিয়োগ পরীক্ষা-২০২৪ এর বিজ্ঞপ্তি Online এ আবেদনপত্র পুরণের নিয়মাবলী, SMS এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইট http://modmr.teletalk.com.bd এ পাওয়া যাবে।

৪. প্রার্থীর যোগ্যতা যাচাই:

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৪.১ মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ);

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

(গ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি;

(ঘ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

(ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(চ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত অনুলিপি;

(ছ) Online এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy);

৫. উপরে উল্লেখ করা হয় নি এমন যে কোন বিষয়ে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

** **শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পুরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।**

০১/০৪/২০২৪
(আবু দাউদ মোঃ গোলাম মোস্তফা)
যুগ্মসচিব (প্রশাসন)
ও
সভাপতি
বিভাগীয় নিয়োগ/পদোন্নতি/উচ্চতর গ্রেড প্রদান কমিটি
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।

স্মারক নং- ৫১.০০.০০০০.২১১.১৮.১১৯.১৯.৩১/১(৩০) তারিখঃ ০১-০৪-২০২৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, বাংলাদেশ সরকারি কর্ম-কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।

৫. যুগ্মসচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬ আব্দুল গণি রোড, খাদ্য ভবন, ঢাকা।
৮. সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
৯. সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে নিয়োগ বিজ্ঞপ্তিটি প্রকাশ/প্রদর্শনের অনুরোধসহ)।
১০. অফিস কপি।

৯/৪/২৪

(মোঃ জাহাঙ্গীর আলম)
উপসচিব (প্রশাসন)
ও
সদস্য সচিব
বিভাগীয় নিয়োগ/পদোন্নতি/উচ্চতর গ্রেড প্রদান কমিটি
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।